



জীবন অত্যন্ত করুণ প্রতিদিন!



🏠 / অন্যান্য

“জ্বালানি সংকটের কারণ, প্রভাব ও সমাধান নিয়ে সিআইপিজির সেমিনার অনুষ্ঠিত”



Tajul

🕒 মে ৯, ২০২৬ ৬:২১ পূর্বাহ্ন



ঢাকা : দেশের চলমান জ্বালানি সংকটের কারণ, এর বহুমাত্রিক প্রভাব এবং টেকসই সমাধানের উপায় নিয়ে রাজধানীতে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। “জ্বালানি সংকটের কারণ ও প্রভাব এবং সমাধান” শীর্ষক এ সেমিনারের আয়োজন করে সেন্টার ফর ইনক্লুসিভ পলিসি অ্যান্ড গভর্নেন্স (সিআইপিজি)।

আজ ৯ মে জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে

সেমিনারে মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন মোহাম্মদ আবদুল কাইয়ুম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোঃ মোজাম্মেল হক।

বক্তারা বলেন, বৈশ্বিক জ্বালানি বাজারের অস্থিরতা, আমদানিনির্ভরতা, দীর্ঘমেয়াদি পরিকল্পনার ঘাটতি এবং নবায়নযোগ্য জ্বালানিতে পর্যাপ্ত বিনিয়োগ না থাকায় দেশে জ্বালানি সংকট আরও প্রকট আকার ধারণ করেছে। এর ফলে শিল্প উৎপাদন, কৃষি, পরিবহন ও সাধারণ মানুষের দৈনন্দিন জীবনে নেতিবাচক প্রভাব পড়ছে।

সেমিনারে বিশেষজ্ঞরা জ্বালানি খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পাশাপাশি বিকল্প ও নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে জ্বালানি সাশ্রয়ী প্রযুক্তির প্রসার, দক্ষ ব্যবস্থাপনা এবং দীর্ঘমেয়াদি নীতিমালা প্রণয়নের মাধ্যমে সংকট মোকাবিলার আহ্বান জানানো হয়।

সভাপতির বক্তব্যে মোঃ মোজাম্মেল হক বলেন, দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে জ্বালানি খাতে কার্যকর ও

বাস্তবভিত্তিক পরিকল্পনা গ্রহণ জরুরি। তিনি গবেষণা, নীতি সহায়তা এবং জনসচেতনতা বৃদ্ধিতে সংশ্লিষ্ট সকল পক্ষকে

একযোগে কাজ করার আহ্বান জানান।

সর্বশেষ - অন্যান্য

» তথ্য ও সম্প্রচার মন্ত্রীর সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের সাক্ষাৎ.

» ৭১ থেকে শুরু করে সকল গণতান্ত্রিক আন্দোলনের শহিদ ও আহতদের পরিবারের পাশে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব

» সুশাসন ও আইনশৃঙ্খলা উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার'-গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী


» সামাজিক অবক্ষয় রোধ, দুর্নীতি প্রতিরোধ ও দেশের উন্নয়নে সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন: পরিবেশ মন্ত্রী

» স্থানীয় সরকার শক্তিশালী করতে ইউএনডিপি সঙ্গে যৌথ উদ্যোগের প্রত্যাশা এলজিআরডি মন্ত্রী

সর্বোচ্চ পাঠিত - অন্যান্য



“ডিইউজের আবাসন প্রকল্প বাস্তবায়নে সভা, সমবায় পুনর্গঠনের দাবি”



আসুন সবার জন্য একটি সমৃদ্ধ ভবিষ্যৎ গড়ে তুলি



“ঢাকা সাংবাদিক ইউনিয়নের সদস্য হুমায়ুন কবির ব্রেন স্ট্রোকে আক্রান্ত”



ফেসবুকে পরিচয় থেকে মামলা: ‘পছন্দের পাত্রকে বিয়ে’ ঘিরে পিবিআই তদন্তে নতুন মোড়



সচিব হতে ৩৩ কোটি টাকার চুক্তি হতে পারলে সুদ দিবেন ৮৬ কোটি টাকা

আপনার জন্য নির্বাচিত